ধর্মের বিরুদ্ধে লেখা মুক্তচিন্তা না, নোংরামি: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন,
‘এখন একটা ফ্যাশন দাঁড়িয়ে গেছে
যে ধর্মের বিরুদ্ধে কিছু লিখলেই
তারা হয়ে গেলো মুক্তচিন্তা। আমি
তো এখানে মুক্তচিন্তা দেখি না,
আমি এখানে দেখি নোংরামি।’

বাংলা নববর্ষের প্রথম দিনে গণভবনে তাকে শুভেচ্ছা জানাতে আসা আওয়ামী লীগ নেতাকর্মীদের উদ্দেশ্যে নিজ বক্তব্যে এসব কথা বলেন তিনি।

তিনি বলেন, ‘আমার ধর্ম আমি পালন করি, কিন্তু আমার ধর্ম সম্পর্কে কেউ যদি নোংরা কথা লেখে, বাজে কথা লেখে সেটা আমরা কেন বরদাশত করবো। যাকে আমি নবী মানি তার সম্পর্কে নোংরা কেউ যদি লেখে সেটা কখনো আমাদের কাছে গ্রহণযোগ্য না।’

তিনি আরো বলেন, নোংরা কথা, পর্ন কথা এগুলো কেন লিখবে? এটা তো সম্পূর্ণ নোংরা মনের পরিচয়। আবার একজন লিখলে আরেকজন খুন করে প্রতিশোধ নেবে এটা তো ইসলাম ধর্ম বলেনি।

শেখ হাসিনা বলেন, বোমা মেরে মানুষ হত্যা করা বা মানুষের জীবনের নেয়ার হুমকি দেয়া এটা ধর্মে কোথায় বলা আছে? যারা এ ধরনের হুমকি দেয় তারাই তো ধর্মকে অবমাননা করে।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নববর্ষের অনুষ্ঠানের বিষয়ে সরকারের পক্ষ থেকে দেয়া নির্দেশনা পালনের জন্য সবার প্রতি আহ্বান জানান।